

মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেটস ডিপার্টমেন্ট দ্বারা দ্য রেজিস্ট্রেশন ফ্রন্ট (TRF) সম্পর্কিত ঘোষণা (18 জুলাই, 2025)

18 জুলাই, 2025

মার্কিন সরকারের স্টেটস ডিপার্টমেন্ট সম্প্রতি দ্য রেজিস্ট্রেশন ফ্রন্ট (TRF) নামক সংস্থাকে একটি ফরেন টেররিস্ট অর্গানাইজেশন (FTO) এবং স্পেশ্যালি ডেজিগনেটেড গ্লোবাল টেররিস্ট (SDGT) হিসেবে ঘোষণা করার যে সিদ্ধান্ত গ্রহণ করেছে, তাকে স্বাগত জানিয়েছে ভারত সরকার। আমরা এই বিষয়ে সেক্রেটারি অফ স্টেট শ্রী মার্কো রুবিও-র নেতৃত্ব স্বীকার করি এবং তার প্রশংসা করি।

2. পাকিস্তান-ভিত্তিক সন্ত্রাসবাদী সংগঠন লঙ্কর-ই-তৈবা (LeT) এর একটি প্রক্সি সংস্থা হল TRF, যারা বহু সন্ত্রাসবাদী কার্যক্রমে জড়িত থাকার পাশাপাশি 22 এপ্রিল 2025 তারিখে জম্মু ও কাশ্মীরের পহেলগামে অসামরিক নাগরিকদের উপর নৃশংস আক্রমণ চালিয়েছিল এবং তার জন্য দুই বার দায় স্বীকার করেছে।

3. সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই এবং সন্ত্রাসবাদী পরিকাঠামো ধ্বংস করার জন্য বিশ্বব্যাপী সহযোগিতার প্রয়োজনীয়তার উপরে ভারত ক্রমাগত জোর দিয়েছে। TRF-কে সন্ত্রাসবাদী সংস্থা হিসেবে ঘোষণা করা হল একটি সময়োপযোগী এবং গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যা সন্ত্রাসবাদের বিরোধিতা সম্পর্কে ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে গভীর সহযোগিতা প্রতিফলিত করে।

4. ভারত সন্ত্রাসবাদের প্রতি শূন্য সহনশীলতা দেখানো নীতি মেনে চলার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ এবং নানা সন্ত্রাসবাদী সংগঠন ও তাদের প্রক্সিরা কতটা বিপজ্জনক, তা সকলের সামনে তুলে ধরার জন্য ভারত তার আন্তর্জাতিক অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাবে।

নয়া দিল্লি

18 জুলাই, 2025